



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট

স্মারকনং-সাস্ট/ পিআর/০৩/

তারিখ: ২৬ ডিসেম্বর, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে আজ ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখ সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে কবি আব্দুল গফ্ফার দত্তচৌধুরী স্মারক-বক্তৃতা ২০১৭ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ – এর পরিচালক প্রফেসর ড. স্বরোচিষ সরকার 'বাংলা ভাষায় উচ্চশিক্ষা ও গবেষণা বিষয়ে বক্তব্য প্রদান করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, আমাদের মাতৃভাষা বাংলা অনেক সমৃদ্ধ ভাষা। সর্বক্ষেত্রে বাংলা ভাষার ব্যবহার নিয়ে হীনমন্যতার কোন সুযোগ নেই। বরং গবেষণাপত্র প্রকাশসহ অন্যান্য উচ্চতর ক্ষেত্রে বাংলা ভাষা ব্যবহারে আমরা যতটা স্বাচ্ছন্দ্য বোধ করবো তা অন্য ভাষায় সম্ভব হবেনা। তিনি বলেন, চাইনিজ ও কোরিয়ানরা বিশ্ববিদ্যালয়ে শিক্ষাদানের ক্ষেত্রে নিজেদের ভাষাকেই ব্যবহার করে থাকে। আবার জার্মানরাও নিজেদের ভাষাকেই সর্বক্ষেত্রে প্রাধান্য দিয়ে থাকে। তাই আমাদের মাতৃভাষাকেই কিভাবে অন্যান্য প্রভাবশালী ভাষার সাথে প্রতিযোগিতায় টিকে থেকে সমৃদ্ধ হতে পারে সে ব্যাপারে সকলকে আরো সচেতন হতে হবে।

স্মারক বক্তৃতায় প্রফেসর ড. স্বরোচিষ সরকার বলেন, বাংলা ভাষা নিয়ে যে দোলাচলতা রয়েছে একটি ভাষানীতি প্রণীত হলে তা দূরীভূত হতো। কোন স্তরে কোন ভাষা কতটা ব্যবহৃত হবে তা একটি ভাষা নীতির মাধ্যমেই কেবল নিধারণ করা সম্ভব।

এতে বিশেষ অতিথি হিসেবে কবিপুত্র ও প্রাক্তন অতিরিক্ত সচিব জনাব আলী মোস্তাফা চৌধুরী এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল গনি বক্তব্য রাখেন।

স্মারক বক্তৃতা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কবি আব্দুল গফ্ফার দত্তচৌধুরী ট্রাস্ট বোর্ড পরিচালনা কমিটির সভাপতি এবং বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। তিনি বলেন, পাকিস্তানী শাসক গোষ্ঠী আমাদের মাতৃভাষা বাংলার উপর প্রথম আঘাত হানে যার বিরুদ্ধে আমরা প্রতিবাদ ও প্রতিরোধ গড়ে তুলি। কিন্তু স্বাধীনতা পরবর্তী সময়েও বিভিন্ন সরকার অনেক নাবুঝে বাংলা ভাষার বিকাশ ও সমৃদ্ধির পক্ষে কাজ করেনি।

অনুষ্ঠান সঞ্চালনা করেন কবি আব্দুল গফ্ফার দত্তচৌধুরী ট্রাস্ট বোর্ড সদস্য সচিব ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে স্মারক বক্তা প্রফেসর ড. স্বরোচিষ সরকারের হাতে একটি সম্মাননা ফ্রেস্ট তুলে দেন।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার